

upload
১৯/১১/১৯

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০১.১৭-২১৯৩

তারিখঃ ১৭-০৯-২০১৯ খ্রি.
০২-০৬-১৪২৬ বং

দপ্তরাদেশ

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বাছাই কমিটি-২ এর সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে নিয়োক্ত প্রার্থীকে তাঁর নিজ জেলা পুলিশের বিশেষ শাখা কর্তৃক কর্তৃক সন্তোষজনক চরিত্র ও প্রাক পরিচয় প্রতিবেদিত হওয়ায় এবং ডোপ টেস্ট ও তাঁর স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনে উপযুক্ত বলে সিভিল সার্জন কর্তৃক প্রত্যায়িত হওয়ায় তাঁর নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রমে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

ক্রমিক	নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রোল নম্বর	নিয়োগকৃত পদ ও কর্মস্থল	মূল বেতন ও বেতনক্রম/২০১৫
১।	মোঃ আব্দুল মান্নান পিতা- মোঃ রেজাউল করিম গ্রাম- রামদাইর, পোঃ- টোপের বাড়ি উপজেলা- ধামরাই, জেলা- ঢাকা। জন্ম তারিখঃ ০৩-০৫-১৯৯৬, (২৮০০০৬৫)	পাওয়ার পাম্প অপারেটর সাইট্রাস গবেষণা কেন্দ্র জৈন্তাপুর, সিলেট প্রেষণে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার	৮৮০০/- ৮৮০০-২০২৯০/- (গ্রেড-১৮)

১। **শর্তাবলীঃ**

- (ক) তিনি মূল বেতন ছাড়াও বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- (খ) প্রাথমিক অবস্থায় তিনি ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাঁকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।
- (গ) শিক্ষানবীশ থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- (ঘ) শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তাঁর চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।
- (ঙ) চাকরিতে স্থায়ী হওয়ার পর তাঁর অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরির ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে তাঁর তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাঁর চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।
- (চ) অন্যান্য বিষয়ে তাঁর চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

- ২। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তাঁর সাম্প্রতিককালের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আগামী ১৭-১০-২০১৯ হতে ২১-১০-২০১৯ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান করবেন তবে কোন প্রার্থী বর্তমানে কর্মরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্রসহ কাজে যোগদান করবেন। উক্ত সময়ের মধ্যে কোন প্রার্থী কাজে যোগদানে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

